



সাইন্স কোচিং

SAARC
Date: 10-10-2020

Set-A

এস.এস.সি. রিভিশন প্রোগ্রাম-২০২০
বিষয়ঃ বাংলাদেশ ও বিশ্বপরিচয় (BGS-2)


বিষয় কোড
১ ৫ ০

পূর্ণমানঃ ৩০

সময় : ১ ঘণ্টা ১৫ মিনিট

দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। যে কোন তিনটি প্রশ্নের উত্তর দাও।

১।



- ক) রাষ্ট্রের সবচেয়ে সুস্পষ্ট ও পূর্ণাঙ্গ সংজ্ঞা দিয়েছেন কে? ১
- খ) আইনের উৎস হিসেবে ধর্মের প্রভাব ব্যাখ্যা কর। ২
- গ) 'A' চিহ্নিত স্থানে প্রযোজ্য রাষ্ট্রের উপাদানটির গুরুত্ব ব্যাখ্যা কর। ৩
- ঘ) 'D' উপাদানটি সুশাসন ও দুর্নীতিমুক্ত সমাজ প্রতিষ্ঠায় বলিষ্ঠ অবদান রাখতে পারে-
তোমার মতামত দাও। ৪

২। আবিব তার মুক্তিযোদ্ধা বাবার সাথে টিভিতে একটি প্রামাণ্যচিত্র দেখছিলেন। এটি ছিল এমন এক ব্যক্তিত্বকে নিয়ে যিনি মুক্তিযুদ্ধ পরিচালনা কমিটির আহ্বায়ক ছিলেন। মুজিবনগর সরকার গঠন নিয়ে তার দেওয়া বেতার ভাষণের অডিও প্রামাণ্যচিত্রটি দেখানোর সময় আবিবের বাবা বললেন, “বঙ্গবন্ধুর এ বিশ্বস্ত সহচরকেও তাঁর মতোই, ৭১ এর পরাজিত শক্তির নীল নকশার শিকার হতে হয়।”

- ক) সংবিধানের কত নম্বর অনুচ্ছেদে ন্যায়পাল পদ সৃষ্টির কথা বলা হয়েছে? ১
- খ) আমাদের মহান মুক্তিযুদ্ধে জাতিসংঘের ভূমিকা ব্যাখ্যা কর। ২
- গ) আবিবের দেখা প্রামাণ্য চিত্রটি যাকে নিয়ে নির্মিত তা ব্যাখ্যা কর। ৩
- ঘ) আবিবের বাবার বক্তব্যের যথার্থতা মূল্যায়ন কর। ৪

৩। হাবিব শহরতলীর একটি গ্রাম থেকে উচ্চ শিক্ষার জন্য বিদেশে যায়। দীর্ঘদিন পর দেশে ফিরে তার গ্রামের বিভিন্ন ধরনের পরিবর্তন লক্ষ্য করে। পূর্বের অনেক একান্নবর্তী পরিবার ভেঙ্গে যায়। শিল্পের প্রসারের ফলে কিছু বস্তিরও সৃষ্টি হয়েছে।

- ক) 'মানবীয় সম্পর্কের পরিবর্তন হচ্ছে সামাজিক পরিবর্তন'-উক্তিটি কার? ১
- খ) নারীর ক্ষমতায়ন বলতে কী বোঝায়? ২
- গ) কোন উপাদানটি হাবিবের গ্রামের পরিবর্তনে মুখ্য ভূমিকা রাখছে? ব্যাখ্যা কর। ৩
- ঘ) 'উক্ত উপাদানটিই কি সামাজিক পরিবর্তনের একমাত্র কারণ? তোমার মতামত বিশ্লেষণ কর। ৪

৪।

সারণি-১

A রাষ্ট্র → উৎপাদনের উপকরণ রাষ্ট্রীয় মালিকানাধীন
→ অর্থনৈতিক লক্ষ্য জনগণের সর্বাধিক কল্যাণ

সারণি-২

D রাষ্ট্র → প্রধান প্রধান শিল্প রাষ্ট্রীয় নিয়ন্ত্রণাধীন
→ উৎপাদন বন্ডনে সরকারি ও বেসরকারি খাতের সহঅবস্থান

- ক) উৎপাদনের উপাদান কয়টি? ১
- খ) জাতীয় সম্পদ বলতে কী বোঝ? ২
- গ) সারণি-১ এ উল্লিখিত A রাষ্ট্রটির অর্থনৈতিক বৈশিষ্ট্য ব্যাখ্যা কর। ৩
- ঘ) সারণি-১ ও সারণি-২ এর A এবং D রাষ্ট্রের অর্থনৈতিক ব্যবস্থার মধ্যে কোন অর্থনৈতিক ব্যবস্থাকে তুমি উত্তম বলে মনে কর? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দেখাও। ৪

৫।

দৃশ্যকল্প-১	একটি রিয়েল এস্টেট প্রতিষ্ঠান বালু নদীর কিছু অংশ ভরাট করে পাশের কিছু জমিসহ সাইনবোর্ড টানিয়ে প্লট বিক্রি করছে।
দৃশ্যকল্প-২	সাভারে ট্যানারী শিল্প স্থাপনের পর বর্জ্য ব্যবস্থাপনা না করে পার্শ্ববর্তী খালে বর্জ্য ফেলা হচ্ছে।
দৃশ্যকল্প-৩	'ক' সিটি কর্পোরেশনের নাগরিকগণ সরকারের দিকে তাকিয়ে না থেকে সকলে তাদের দায়িত্ব ও কর্তব্য পালন করার মাধ্যমে সেটিকে সুন্দর বাসযোগ্য কর্পোরেশনে রূপান্তর করেছে।

- ক) জলবায়ু কার্যক্রম কী? ১
- খ) টেকসই উন্নয়নে অংশীদারিত্ব কেন প্রয়োজন? ২
- গ) দৃশ্যকল্প ১ ও ২ কোন বিষয়কে নির্দেশ করছে? ব্যাখ্যা কর। ৩
- ঘ) দৃশ্যকল্প-৩ বিশ্বের সর্বত্র সার্বিক ও সর্বজনীন কল্যাণ নিশ্চিতের উদাহরণ-মূল্যায়ন কর। ৪